গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১৭৯/২০১৯-২০২০
ঢাকা ২ মার্চ সোমবার ২০২০, ১৮ ফাল্গুন ১৪২৬

১। উন্নত বিমা সেবা নিশ্চিত করতে আধুনিক প্রযুক্তি ব্যবহার করুন : মালিকদের প্রতি প্রধানমন্ত্রীর আহ্বান
২। মালয়েশিয়ার নতুন প্রধানমন্ত্রীকে শেখ হাসিনার অভিনন্দন
৩। প্রধানমন্ত্রীর হাতে তুলে দেওয়া হলো জয় বাংলা কনসার্টের মগ, টি-শার্ট ও পোস্টার
৪। দেশে অবাধ তথ্যপ্রবাহের সুবর্ণ সময় চলছে : নাগরিক টিভির তৃতীয় বর্ষপূর্তি অনুষ্ঠানে স্পিকার
৫। মুজিববর্ষে আওয়ামী লীগে সুবিধাভোগী ও চাঁদাবাজদের জায়গা দেব না: রাজশাহীতে সেতুমন্ত্রী
৬। খালেদা জিয়ার জামিন আদালতের বিষয় : মেহেরপুরে স্বরাষ্ট্রমন্ত্রী
৭। ঐতিহাসিক ৭ মার্চ উপলক্ষে ডিএফপির আলোচনাসভা : উপস্থিত থাকবেন তথ্যমন্ত্রী
৮। ওয়ালটনের মাধ্যমে আমরা 'মেইড ইন বাংলাদেশ' দেখব যুক্তরাষ্ট্রে : গাজীপুরের চন্দ্রায় ওয়ালটন হাইটেক ইন্ডাস্ট্রিজ পরিদর্শনকালে অর্থমন্ত্রী
৯। জনপ্রতিনিধি ও প্রশাসনের সমন্বয়ে উন্নয়ন কর্মকান্ড এগিয়ে নিন : স্থানীয় সরকার মন্ত্রী
১০। মুজিববর্ষে পুরো শিক্ষাব্যবস্থা অটোমেশনের আওতায় আসবে : শিক্ষামন্ত্রী
১১। ঢাকায় ওআইসি ইয়ুথ সামিট শুরু ১২ এপ্রিল : বিশ্বের ১০ মুসলিম যুবক পাচ্ছেন বঙ্গবন্ধু পদক
১২। বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকীর অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথিদের সর্বোচ্চ সম্মান দেওয়া হবে: পররাষ্ট্রমন্ত্রী
১৩। বঙ্গবন্ধুর আদর্শ ছড়িয়ে দেওয়ার দায়িত্ব তরুণদের : পররাষ্ট্রমন্ত্রী
১৪। সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষা করা জরুরি: সুনামগঞ্জে পরিকল্পনামন্ত্রী
১৫। স্বাস্থ্যের সব তথ্য কার্যক্রম হবে কাগজবিহীন : স্বাস্থ্যমন্ত্রী
১৬। তথ্যপ্রযুক্তির মাধ্যমে ৫০ লাখ নারীর ক্ষমতায়ন হবে : মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী
১৭। জাতীয় ভোটার দিবস আজ : মুজিববর্ষ উপলক্ষে এনআইডি পাচ্ছেন নতুন ভোটাররা
১৮। তিন ম্যাচ সিরিজের প্রথম ওয়ানডেতে জিম্বাবুয়েকে হারিয়ে বাংলাদেশের জয়
১৯। আড়াই বছর পর রিজার্ভ ৩৩ বিলিয়ন ডলার : বছরে রেমিটেন্স বেড়েছে ১০ শতাংশ

**১। উন্নত বিমা সেবা নিশ্চিত করতে আধুনিক প্রযুক্তি ব্যবহার করুন : মালিকদের প্রতি প্রধানমন্ত্রীর আহ্বান**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দুঃসময়ে বিমা থাকার বিভিন্ন সুবিধা সম্পর্কে জনসাধারণকে সচেতন করার পাশাপাশি আধুনিক তথ্য যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে বিমা সংস্থাগুলোকে দুর্নীতিমুক্ত ও এর পরিসেবা আরো উন্নত করতে বিমা কোম্পানিগুলোর প্রতি আহ্বান জানিয়েছেন। প্রধানমন্ত্রী বিমা কোম্পানিগুলোর উদ্দেশ্যে বলেন , বিমার যে কোনো কিছু অর্থাৎ বিমার দাবি নিষ্পত্তি থেকে শুরু করে বিমা সে বাকে আরো সহজীকরণে আধুনিক তথ্যপ্রযুক্তির ব্যবহার অপরিহার্য। এটা করলে তবে দুর্নীতি দূর হবে। এর থেকে মানুষ উপকার পা বে। কাজেই সেক্ষেত্রে বিমা খাত কেও আপনাদের প্রযুক্তিনির্ভর করতে হবে। গতকাল (১ মার্চ রোববার) বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে জাতীয় বিমা দিবসে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে তিনি এসব কথা বলেন। সূত্র -**ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **সমকাল** ( শেষ পৃ,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬)।

**২। মালয়েশিয়ার নতুন প্রধানমন্ত্রীকে শেখ হাসিনার অভিনন্দন**

গতকাল (১ মার্চ রোববার) এক অভিনন্দন বার্তায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা মালয়েশিয়ার নতুন প্রধানমন্ত্রী মুহিউদ্দিন ইয়াসিনকে প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণ করায় অভিনন্দন জানান। সূত্র- **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **যুগান্তর** (পৃ.৩,ক.১)।

**৩। প্রধানমন্ত্রীর হাতে তুলে দেওয়া হলো জয় বাংলা কনসার্টের মগ, টি-শার্ট ও পোস্টার**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতে তুলে দেওয়া হলো 'জয় বাংলা কনসার্ট ২০২০'-এর টি-শার্ট, মগ ও পোস্টার। সেন্টার ফর রিসার্চ অ্যান্ড ইনফরমেশনের (সিআরআই) সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, বিগত বছরগুলোর মতো এবারও ৭ মার্চ অনুষ্ঠিত হতে যাচ্ছে 'জয় বাংলা কনসার্ট'। মুজিববর্ষ উপলক্ষে এবারের কনসার্ট পাবে ভিন্নমাত্রা। মুজিববর্ষে বিশেষ আয়োজনে রাজধানীর বনানীর আর্মি স্টেডিয়ামে এ কনসার্ট অনুষ্ঠিত হবে। জয় বাংলা কনসার্টের নিবন্ধন শীঘ্রই শুরু হবে। জাতীয় পরিচয়পত্র, পাসপোর্ট অথবা জন্মনিবন্ধন সনদ, মোবাইল নম্বর এবং ই-মেইল অ্যাড্রেসের মাধ্যমে রেজিস্ট্রেশনের ব্যবস্থা থাকছে এ বছরও। নিবন্ধনের মাধ্যমে কনসার্টটি সবার জন্য উন্মুক্ত থাকছে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১)।

**৪। দেশে অবাধ তথ্যপ্রবাহের সুবর্ণ সময় চলছে: নাগরিক টিভির তৃতীয় বর্ষপূর্তি অনুষ্ঠানেস্পিকার**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন , প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ এখন অবাধ তথ্য প্রবাহের সুবর্ণ সময় অতিবাহিত করছে। তিনি আ রো বলেন, স্বাধীনতার স্বপক্ষে বস্তুনিষ্ঠ সংবাদ সবার কাছে পৌঁছে দেয়া গণমাধ্যমের অন্যতম দায়িত্ব। গতকাল (১ মার্চ রোববার) রাজধানীতে নাগরিক টিভির তৃতীয় প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে স্পিকার এসব কথা বলেন। সূত্র- **সংবাদ** (শেষ পৃ,ক.৬),**সমকাল** (পৃ.১৫,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৭)।

**৫। মুজিববর্ষে আওয়ামী লীগে সুবিধাভোগী ও চাঁদাবাজদের জায়গা দেব না: রাজশাহীতে সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন , মুজিববর্ষে আওয়ামী লীগে সুবিধাভোগী সন্ত্রাসী, চাঁদাবাজ, ভূমি দখলদার, মাদক কারবারিকে জায়গা দেব না। নেতা হতে হলে মানুষের কাছে গ্রহণযোগ্য হতে হবে। গতকাল (১ মার্চ রোববার) রাজশাহীর ঐতিহাসিক মাদ্রাসা ময়দানে মহানগর আওয়ামী লীগের ত্রি-বার্ষিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.৫), **সমকাল** (পৃ.২,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.১) ।

**৬। খালেদা জিয়ার জামিন আদালতের বিষয় : মেহেরপুরে স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন , বিএনপি একটি রাজনৈতিক দল। রাজনৈতিক দল হিসেবে বিএনপির চেয়ারপার্সন খালেদা জিয়ার মুক্তির দাবিতে আন্দোলন করতেই পারে। কিন্তু আজ জনগণ তাদের প্রত্যাখ্যান করেছে। গতকাল (১ মার্চ রোববার) মেহেরপুরের মুজিবনগর স্মৃতি কমপ্লেক্স পরিদর্শনকালে তিনি সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ কথা বলেন। তিনি আরো বলেন , যে কারণে তারা আন্দোলন করলেও জনগণকে পাচ্ছে না। খালেদা জিয়া আদালতের একটি রায়ে কারাগারে রয়েছেন। তাঁকে জামিন দেওয়া হবে কি হবে না সেটি আদালত বিবেচনা করবে। সূত্র- **ইত্তেফাক** (পৃ.২,ক.৮), **সমকাল** (পৃ.১৯,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.১)।

**৭। ঐতিহাসিক ৭ মার্চ উপলক্ষে ডিএফপির আলোচনাসভা : উপস্থিত থাকবেন তথ্যমন্ত্রী**

বাংলাদেশের স্বাধীনতার গুরুত্বপূর্ণ মাইলফলক ঐতিহাসিক ৭ মার্চ উপলক্ষে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের (ডিএফপি) উদ্যোগে ৭ মার্চ শনিবার তথ্য ভবনে আলোচনাসভা ও সম্মাননা প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন তথ্যমন্ত্রী ড . হাছান মাহ্‌মুদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন তথ্য প্রতিমন্ত্রী ডা. মুরাদ হাসান ও তথ্য সচিব কামরুন নাহার। অনুষ্ঠানে ১৯৭১ সালের ৭ মার্চ তৎকালীন রেসকোর্স ময়দানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ভাষণের ভিডিও ও অডিও ধারণকারী ক্যামেরাম্যান আমজাদ হোসেনকে সম্মাননা প্রদান করা হবে। **সূত্র-বণিক বার্তা** (পৃ.২,ক.৮)।

**৮। ওয়ালটনের মাধ্যমে আমরা 'মেইড ইন বাংলাদেশ' দেখব যুক্তরাষ্ট্রে :**
**গাজীপুরের চন্দ্রায় ওয়ালটন হাইটেক ইন্ডাস্ট্রিজ পরিদর্শনকালে অর্থমন্ত্রী**

আগামী দিনে ওয়ালটনের মতো আরও প্রতিষ্ঠান গড়ে উঠবে বলে আশা করে অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, ওয়ালটনের পণ্য ব্যবহার করে দেশের মানুষ খুশি। ওয়ালটন যে অঙ্গীকার নিয়ে যাত্রা শুরু করেছিল, তা থেকে তারা বিচ্যুত হয়নি বরং যা আশা করেছি তার থেকেও আরও সুন্দরভাবে তারা এগিয়ে যাচ্ছে। তারা আমেরিকার বাজারে প্রথমবারের মতো বাংলাদেশকে নিয়ে যাচ্ছে। ওয়ালটনের মাধ্যমে 'মেইড ইন বাংলাদেশ' আমরা আমেরিকার বাজারে দেখতে পাব। গতকাল (১ মার্চ রোববার) গাজীপুরের চন্দ্রায় ওয়ালটন হাইটেক ইন্ডাস্ট্রিজ লিমিটেড পরিদর্শনকালে তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৭), **যুগান্তর** (পৃ.২,ক.১),**অবজারভার** বিজনেজ পাতা (পৃ.১,ক.১)।

**৯। জনপ্রতিনিধি ও প্রশাসনের সমন্বয়ে উন্নয়ন কর্মকাণ্ড এগিয়ে নিন : স্থানীয় সরকার মন্ত্রী**

স্থানীয় সরকারের নির্বাচিত জনপ্রতিনিধি ও প্রশাসনের সমন্বয়ে উন্নয়ন কার্মকাণ্ড এগিয়ে নেয়ার আহ্বান জানালেন স্থানীয় সরকার মন্ত্রী মো. তাজুল ইসলাম। গতকাল (১ মার্চ রোববার) রাজধানীর সিরডাপ মিলনায়তনে উপজেলা ও ইউনিয়ন পরিষদে হস্তান্তরিত কার্যক্রম এবং বাস্তবতা গবেষণার আলোকে পর্যালোচনা শীর্ষক এক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.৭), **সংবাদ** (পৃ.২,ক.৪), **ডেইলি সান** (পৃ.১৪,ক.৫)।

**১০। মুজিববর্ষে পুরো শিক্ষাব্যবস্থা অটোমেশনের আওতায় আসবে : শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে শিক্ষাপ্রতিষ্ঠানের এবং শিক্ষকদের স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করা জরুরি। মুজিববর্ষের মধ্যে দেশের পুরো শিক্ষাব্যবস্থা অটোমেশনের আওতায় আসবে। তিনি বলেন, আমরা যারা শিক্ষা পরিবারের সঙ্গে আছি, আমাদের নিজেদের জবাবদিহি নিশ্চিত করাও জরুরি। আমাদের মূল কাজ হলো জাতিকে শিক্ষিত ও দক্ষ করে গড়ে তোলা। দেশপ্রেমিক করে গড়ে তোলা। গতকাল (১ মার্চ রোববার) রাজধানীর শিক্ষা ভবনে শিক্ষাপ্রতিষ্ঠানের পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের আয়োজনে অধিদপ্তরের অটোমেশন সফটওয়্যারের উপস্থাপনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৮), **সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)।

**১১। ঢাকায় ওআইসি ইয়ুথ সামিট শুরু ১২ এপ্রিল : বিশ্বের ১০ মুসলিম যুবক পাচ্ছেন বঙ্গবন্ধু পদক**

'ঢাকা ওআইসি ইয়ুথ ক্যাপিটাল-২০২০' এর ওয়েবসাইট উদ্বোধন করেছেন পররাষ্ট্রমন্ত্রী ড . এ কে আব্দুল মোমেন এবং যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী জাহিদ আহসান রাসেল। গতকাল (১ মার্চ রোববার) রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় এ উপলক্ষে অনুষ্ঠানের আয়োজন করা হয়। আগামী ১২ এপ্রিল ঢাকায় ওআইসি ইয়ুথ সামিট শুরু হবে। পররাষ্ট্রমন্ত্রী জানা ন, ঢাকার আয়োজনে অংশ নেওয়া ১৫০ যুব নেতার মধ্য থেকে সেরা ১০ জনকে বঙ্গবন্ধু ইয়থ লিডারশিপ অ্যাওয়ার্ড বা বঙ্গবন্ধু পদক দেওয়া হবে। ১২ এপ্রিল প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইয়ুথ সামিট উদ্বোধন করবেন। তবে তার এক দিন আগে আমন্ত্রিত ১৫০ যুব নেতৃত্ব ঢাকায় পৌঁছাবেন। তারা রাজ ধানীতে বিভিন্ন অনুষ্ঠানে অংশ নেওয়া ছাড়াও কক্সবাজার সফর করবেন।
সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৫), **ডেইলি সান** (শেষ পৃ,ক.৪)।

**১২। বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকীর অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথিদের সর্বোচ্চ সম্মান দেওয়া হবে: পররাষ্ট্রমন্ত্রী**

পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন বলেছেন , জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীর উদ্বোধন অনুষ্ঠান আগামী ১৭ মার্চ। এ অনুষ্ঠানে বিভিন্ন দেশের রাষ্ট্রনেতাদের আমন্ত্রণ জানানো হচ্ছে, যার মধ্যে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিও রয়েছেন। বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকীর অনুষ্ঠানে আসার জন্য আমরা ভারতীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে দাওয়াত দিয়েছি। তিনি আসার কথা নিশ্চিত করেছেন। অতিথি হিসেবে তাঁকে সর্বোচ্চ সম্মান দেওয়া হবে। গতকাল (১ মার্চ রোববার) ঢাকায় এক অনুষ্ঠানে নরেন্দ্র মোদির আগমন নিয়ে বাংলাদেশে প্র তিবাদ প্রসঙ্গে সাংবাদিকদের প্রশ্নের জবাবে মন্ত্রী এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ** ( শেষ পৃ,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২)।

**১৩। বঙ্গবন্ধুর আদর্শ ছড়িয়ে দেওয়ার দায়িত্ব তরুণদের : পররাষ্ট্রমন্ত্রী**

মুজিববর্ষে সবার মধ্যে বঙ্গবন্ধুর আদর্শকে ছড়িয়ে দেওয়ার দায়িত্ব তরুণদের নিতে হবে বলে মন্তব্য করেছেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। তিনি বলেন, বঙ্গবন্ধু সারাজীবন সত্য ও ন্যায়ের জন্য সংগ্রাম করেছিলেন। মুজিববর্ষে তরুণদের দায়িত্ব বঙ্গবন্ধুকে জানা এবং তাঁর আদর্শকে সবার মধ্যে ছড়িয়ে দেওয়া। গতকাল (১ মার্চ রোববার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের হাজী মুহম্মদ মুহসীন হল মাঠে 'আন্তঃবিশ্ববিদ্যালয় ক্রীড়া প্রতিযোগিতা-২০২০'-এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.১)।

**১৪। সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষা করা জরুরি: সুনামগঞ্জে পরিকল্পনামন্ত্রী**

বাংলাদেশে সব ধর্মের মানুষ সম্মান ও সমান মর্যাদা নিয়ে বসবাস করছে। এ সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষা করা জরুরি। এজন্য সবাইকে কাজ করতে হবে। গতকাল (১ মার্চ রোববার ) সুনামগঞ্জের জামালগঞ্জ উপজেলার ফেনারবাক ইউনিয়নে এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন । **সূত্র-বণিক বার্তা** (পৃ.১৫,ক.৫) ।

**১৫। স্বাস্থ্যের সব তথ্য কার্যক্রম হবে কাগজবিহীন : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য মন্ত্রণালয়ের আওতাভুক্ত সব প্রতিষ্ঠানের তথ্য ব্যবস্থাপনা কার্যক্রম কাগজবিহীন করার ঘোষণা দিয়ে স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক বলেছেন, বর্তমান সরকার ডিজিটাল বাংলাদেশ করার যে ঘোষণা দিয়েছিল তা এখন বাস্তবে রূপ নিচ্ছে। সরকারি বিভিন্ন প্রতিষ্ঠানে কাগজের ব্যবহার কমিয়ে আনা হয়েছে। ধাপে ধাপে সব প্রতিষ্ঠানেই কাগজের ব্যবহার বন্ধ হবে। গতকাল (১ মার্চ রোববার) রাজধানীর একটি হোটেলে ভিডিও কনফারেন্সের মাধ্যমে টাঙ্গাইল জেলার পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম কাগজবিহীন করার অনুষ্ঠানে স্বাস্থ্যমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৫), **যুগান্তর** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.১)।

**১৬। তথ্যপ্রযুক্তির মাধ্যমে ৫০ লাখ নারীর ক্ষমতায়ন হবে : মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী**

মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী ফজিলাতুন নেসা ইন্দিরা বলেছেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান দেশ স্বাধীনের পর পরই সংবিধানে নারীর অধিকার ও সমতা নিশ্চিত করেন। আওয়ামী লীগ সরকারই এ দেশে নারী উন্নয়ন ও ক্ষমতায়নে কল্যাণকর বিভিন্ন আইন ও নীতি প্রণয়ন করেছে। তিনি বলেন, মুজিববর্ষে ৫০ লাখ প্রান্তিক ও সুবিধাবঞ্চিত নারীকে তথ্যপ্রযুক্তির মাধ্যমে ক্ষমতায়ন করা হবে। গতকাল (১ মার্চ রোববার) রাজধানীর হোটেল সোনারগাঁওয়ে এক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৮),**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৬)।

**১৭। জাতীয় ভোটার দিবস আজ : মুজিববর্ষ উপলক্ষে এনআইডি পাচ্ছেন নতুন ভোটাররা**

জাতীয় ভোটার দিবস আজ ২ মার্চ সোমবার। দিবসটি সারাদেশে ব্যাপকভাবে পালন করছে নির্বাচন কমিশন (ইসি)। এবারের ভোটার দিবসের মূল প্রতিপাদ্য হলো -'ভোটার হয়ে ভোট দেব , দেশ গড়ায় অংশ নেব। ' এ উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ , আইনমন্ত্রী অ্যাডভোকেট আনিসুল হক ও প্রধান নির্বা চন কমিশনার (সিইসি) কে এম নূরুল হুদা পৃথক বাণী প্রদান করেছেন। দিবসটি উপলক্ষে ঢাকাসহ আঞ্চলিক , জেলা ও উপজেলা /থানা পর্যায়ে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এদিকে মুজিববর্ষ উপলক্ষে নতুন ভোটারদের জাতীয় পরিচয়পত্র (এনআইডি) সরবরাহ শুরু করবে কমিশন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৭), **সমকাল** (পৃ.১৯,ক.২), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

**১৮। তিন ম্যাচ সিরিজের প্রথম ওয়ানডেতে জিম্বাবুয়েকে হারিয়ে বাংলাদেশের জয়**

গতকাল (১ মার্চ রোববার) সিলেট আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে তিন ম্যাচ সিরিজের প্রথম ওয়ানডেতে জিম্বাবুয়েকে ১৬৯ রানের বিশাল ব্যবধানে হারিয়েছে বাংলাদেশ । রানের হিসাবে ওয়ানডেতে এটাই বাংলাদেশের সবচেয়ে বড় জয়। লিটন দাসের অনবদ্য সেঞ্চুরি ও মোহাম্মদ মিঠুনের ফিফটির সুবাদে ছয় উইকেটে ৩২১ রানের টার্গেট দিয়েছিল বাংলাদেশ। জবাবে বাংলাদেশের দুরন্ত বোলিংয়ে ৩৯.১ ওভারে মাত্র ১৫২ রানে গুটিয়ে যায় জিম্বাবুয়ে। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৭)।

**১৯। আড়াই বছর পর রিজার্ভ ৩৩ বিলিয়ন ডলার : বছরে রেমিটেন্স বেড়েছে ১০ শতাংশ**

প্রবাসীদের পাঠানো রেমিটেন্সের ওপর ভর করে বাংলাদেশ ব্যাংকে বিদেশি মুদ্রার রিজার্ভ গত আড়াই বছর পর ফের বেড়ে ৩৩ বিলিয়ন ডলারে পৌঁছেছে। প্রতি মাসে ৪ বিলিয়ন ডলার আমদানি খরচ হিসেবে এ রিজার্ভ দিয়ে ৮ মাসের বেশি সময়ের আমদানি ব্যয় মেটানো সম্ভব। গতকাল (১ মার্চ রোববার ) প্রকাশিত বাংলাদেশ ব্যাংকের হালনাগাদ প্রতিবেদন পর্যালোচনা করে দেখা যায়, ফেব্রুয়ারি মাসে প্রবাসীরা প্রায় ১৪৫ কোটি ২০ লাখ ডলারের রেমিটেন্স পাঠিয়েছেন। এটি গত অর্থবছরের একই সময়ের চেয়ে প্রায় ১০ শতাংশ বেশি। তবে চলতি বছরের জানুয়ারির চেয়ে ১১ শতাংশ কম। সব মিলে চলতি অর্থবছরের প্রথম আট মাসে (জুলাই-ফেব্রুয়ারি) দেশে প্রায় ১ হাজার ২৫০ কোটি ডলারের রেমিটেন্স এসেছে, যা গত অর্থবছরের একই সময়ের চেয়ে প্রায় ২০ শতাংশ বেশি। সূত্র-**যুগান্তর** (শেষ পৃ,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮) ।

## সম্পাদকীয়

**ক.** **ইত্তেফাক :** রাজধানীর বেশ কয়েকটি এলাকার সড়কে ল্যাম্পপোস্টে বাতি না থাকায় ছিনতাই বেড়ে গেছে উল্লেখ করে এ ব্যাপারে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

**খ.** **যায়যায়দিন :** আসন্ন রমজানে বাজার নিয়ন্ত্রণে সরকার কঠোর অবস্থান নেওয়ায় সাধুবাদ জানিয়ে পণ্যের মূল্যবৃদ্ধি রোধে গৃহীত কৌশল যথাযথভাবে বাস্তবায়নের ওপরই নির্ভর করছে এ সফলতা বলে মন্তব্য।

গ. **ভোরের কাগজ :** চট্টগ্রামে ষোলশহর ২ নম্বর গেট এলাকায় পুলিশ বক্সে বোমা হামলার ঘটনা ঘটেছে উল্লেখ করে এ ব্যাপারে দায়ীদের চিহ্নিত করে বিচার দাবি।

**ঘ.** **সমকাল** : বরিশালের বাবুগঞ্জ ও গৌরনদী উপজেলার সরকারি খাদ্যগুদামে আমনের পরিবর্তে বোরো ধান এবং কৃষকদের কাছ থেকে ধান না কিনে ব্যবসায়ী-দালাল-ফড়িয়াদের সঙ্গে যোগসোজশে ধান কেনার অভিযোগ উঠেছে উল্লেখ করে এমন অপতৎপরতা সারাদেশেই কমবেশি চলায় এ ব্যাপারে যথাযথ পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

**ঙ.** **যুগান্তর** : চট্টগ্রামের মতিঝর্ণা ও রাজধানীর ফুলবাড়িয়ায় রেলওয়ের আড়াই হাজার কোটি টাকা মূল্যের প্রায় ৩০ একর জমি দখলদারদের হাত থেকে উদ্ধার না হওয়ার সংবাদ অনভিপ্রেত উল্লেখ করে বেহাত হয়ে যাওয়া জমি উদ্ধার করে জরুরিভিত্তিতে রেলের আধুনিককায়ন সম্পন্ন করে উন্নত যাত্রীসেবা নিশ্চিত করার সুপারিশ।

**চ.** **এশিয়ান এজ** : প্রতিবন্ধীদের দেশের সম্পদ হিসেবে গড়ে তোলার আহ্বান।

**ছ.** **অবজারভার** : কিডনি রোগের চিকিৎসার অপ্রতুলতার কারণে প্রতিদিন গড়ে ৫৪-৬০ জন রোগী মারা যাচ্ছে উল্লেখ করে এ ব্যাপারে যথাযথ চিকিৎসা ব্যবস্থা গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

## উপ-সম্পদকীয়

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, সরকার ও ব্যবসায়ীদের সদিচ্ছাই নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের মূল্যের ঊর্ধ্বগতি রোধ করে দেশের সাধারণ মানুষের আরও একটু সুন্দরভাবে বেঁচে থাকার নিশ্চয়তা প্রদানে যথেষ্ট ভূমিকা রাখতে সক্ষম।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'শিশুর উৎকর্ষের জন্য প্রাকৃতিক বিনোদন প্রয়োজন**' শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, সমাজ ও দেশকে আরো সুন্দর হিসেবে গড়ে তুলতে হলে শিশুদের ভার্চুয়াল বিনোদন নয়, বরং প্রাকৃতিক বিনোদন প্রয়োজন।

#

ডালিয়া/মরজিনা/সেলিনা/সাঈদা/মাসুম/খোরশেদ/২০২০/৯.০০ঘন্টা